৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ ।

তারিখঃ ২৩ ভাদ্র, ১৪২৯
০৭সেপ্টেম্বর, ২০২২

পত্র নং-এফইপিডি(এএন্ডএনএফবিপি)/১০১/২০২২-৪৭০৬

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস এবং
লাইসেন্সধারী সকল মানি চেঞ্জার ।

প্রিয় মহোদয়,

**নিবাসী ব্যক্তি কর্তৃক ধারণকৃত বৈদেশিক মুদ্রা নগদায়ন/জমাকরণ প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে আগস্ট ৩১, ২০২২ তারিখের ডিসিপি(পিআর)০৫/২০২২-৩০১ নম্বর পত্রের মাধ্যমে জারিকৃত বাংলাদেশ ব্যাংকের প্রেস বিজ্ঞপ্তির প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক বিজ্ঞপ্তিটি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক(এফইপিডি)
ফোন ঃ ৯৫৩০১২৩
ই-মেইলঃ mds.hossain@bb.org.bd

বাংলাদেশ ব্যাংক

# নিবাসী ব্যক্তি কর্তৃক ধারণকৃত বৈদেশিক মুদ্রা নগদায়ন/জমাকরণ প্রসঙ্গে

নিবাসী বাংলাদেশি ব্যক্তি বিদেশ থেকে সঙ্গে আনা অনধিক দশ হাজার মার্কিন ডলার বা সমমূল্যমানের বৈদেশিক মুদ্রা নিজের কাছে বা অনুমোদিত ডিলার ব্যাংকে রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট হিসাবে জমা রাখতে পারেন, পরবর্তী বিদেশ যাত্রায় উক্ত বৈদেশিক মুদ্রা সঙ্গে নিয়েও যেতে পারেন। দশ হাজার মার্কিন ডলারের অতিরিক্ত পরিমাণ আনীত বৈদেশিক মুদ্রা দেশে আসার এক মাসের মধ্যে অনুমোদিত ডিলার ব্যাংকে/লাইসেন্সধারী মানিচেঞ্জারের কাছে বিক্রি বা রেসিডেন্ট ফরেন কারেন্সি ডিপোজিট একাউন্টে জমা রাখা নিবাসী বাংলাদেশি নাগরিকদের জন্য বাধ্যতামূলক।

উপরোক্ত প্রাধিকার বহির্ভূত বৈদেশিক মুদ্রা ধারণ করা ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৭ এর আওতায় দণ্ডনীয় অপরাধ। প্রাধিকারভুক্ত নয় এমন বৈদেশিক মুদ্রা নিবাসী বাংলাদেশির নিকট থাকলে তা আগামী সেপ্টেম্বর ৩০, ২০২২ এর মধ্যে অনুমোদিত ডিলার ব্যাংকে/লাইসেন্সধারী মানিচেঞ্জারের কাছে বিক্রি করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্দিষ্ট সময়ের পর অননুমোদিত বৈদেশিক মুদ্রা নিবাসী ব্যক্তির নিকট পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনস্বার্থে বিজ্ঞপ্তিটি জারি করা হলো।

ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।